

মাউশির ভারপ্রাপ্ত ডিজি এবিএম রেজাউল করীম



এবিএম রেজাউল করীম

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৫ আগস্ট ২০২৪ | ১৬:৪৬ | আপডেট: ২৫ আগস্ট ২০২৪ | ২০:৫৫



মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) ভারপ্রাপ্ত মহাপরিচালক হিসেবে দায়িত্ব পেয়েছেন এবিএম রেজাউল করীম। তিনি মাউশির কলেজ ও প্রশাসন শাখার পরিচালক পদে কর্মরত রয়েছেন।

রোববার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, এবিএম রেজাউল করিমকে ট্রেজারি ও সাবসিডারি আইনের বিধি ৬৬ অনুযায়ী মাউশির মহাপরিচালকের অতিরিক্ত দায়িত্বসহ আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে।

ক্ষমতার পালাবদলে গুরুত্বপূর্ণ দায়িত্ব থেকে পদত্যাগের হিড়িকের মধ্যে গত বুধবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের পদ থেকে পদত্যাগ করেন অধ্যাপক নেহাল আহমেদ।